# নির্বাচনে কেন্দ্র দখলের চেষ্টা হলে প্রতিরোধের আহ্বান: হাসনাত



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ভোটারদের কেন্দ্র পাহারা দেওয়ার আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। তিনি বলেন, কেউ কেন্দ্র দখল করতে এলে ঐক্যবদ্ধভাবে প্রতিহত করতে হবে।

মঙ্গলবার বিকেলে কুমিল্লার দেবিদ্বারের ভিরাল্লা এলাকায় এক উঠান বৈঠকে তিনি এ কথা বলেন। ভোট বিক্রি না করার অনুরোধ জানিয়ে হাসনাত বলেন, টাকা নিয়ে এলে কোনো প্রার্থীকে প্রত্যাখ্যান করুন। আজ ভোট কেনা হলে পরের পাঁচ বছর তার মূল্য দিতে হয়।

তিনি আরও বলেন, এবারের ভোট ইনসাফ, দুর্নীতি ও আধিপত্যবাদের বিরুদ্ধে অবস্থানের ভোট। এটি শুধু ব্যালটের নির্বাচন নয়, জনগণের গণভোটও। দুর্নীতি, টেন্ডারবাজি ও মামলাবাজির বিরুদ্ধে ভোট দেওয়ার আহ্বান জানান তিনি।

LENS ASIA